কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
Email:rebdpa@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০২৫.১২.২৮১.২১- ৫৫৮

তারিখঃ ১৯ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ
০৪ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ

**সকল দপ্তর/পরিদপ্তর প্রধান**
**বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।**

**বিষয়ঃ গোপনীয় অনুবেদন ফর্মে প্রাপ্ত বিরূপ মন্তব্যের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনাঃ**

কর্মচারী প্রশাসন পরিদপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.০২৫.১২.২৮১.২১-১৮৬; তারিখঃ ২৮-০৭-২০২১খ্রিঃ মোতাবেক গোপনীয় অনুবেদন ফর্ম পূরণের ক্ষেত্রে সাধারণ অনুসরণীয় নির্দেশনা জারী করা হয় এবং বাপবিবোর্ডের ওয়েবসাইট (www.reb.gov.bd) এ আপলোড করা হয়। অধিকন্তু গোপনীয় অনুবেদন ফর্ম-এ প্রাপ্ত বিরূপ মন্তব্যের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালন করা হবেঃ

০১। গোপনীয় অনুবেদন প্রাপ্তির পর ৬০ (ষাট) কর্মদিবসের মধ্যে কর্মচারী প্রশাসন পরিদপ্তর কর্তৃক বিরূপ মন্তব্য উদ্ধৃত করে পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট অনুবেদনাধীন কর্মচারীকে অবহিত করবে।

০২। সংশ্লিষ্ট কর্মচারীগণ বিরূপ মন্তব্য-সম্বলিত পত্র প্রাপ্তির তারিখ হতে ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে লিখিত জবাব কর্মচারী প্রশাসন পরিদপ্তরে দাখিল করবেন। মতামত/জবাব প্রাপ্তি অথবা অপ্রাপ্তি উভয় ক্ষেত্রেই কর্মচারী প্রশাসন পরিদপ্তর সংশ্লিষ্ট কর্মচারীর নিয়ন্ত্রণকারী (অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী)-কে অবহিত করবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়ন্ত্রণকারী (অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী) বিরূপ মন্তব্য অবলোপন করলে তা চূড়ান্ত সিদ্ধান্ত হিসেবে গণ্য হবে। তবে বিরূপ মন্তব্য বহাল রাখা হলে সেক্ষেত্রে সংস্থা প্রধান চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন। প্রযোজ্য ক্ষেত্রে শুনানি গ্রহণ করবেন।

০৩। একই অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারীর নিয়ন্ত্রণে কর্মরত থাকার ক্ষেত্রে পরপর একাধিক গোপনীয় অনুবেদনে বিরূপ মন্তব্য করা হলে বিরূপ মন্তব্যের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য কর্মচারী প্রশাসন পরিদপ্তর বিষয়টি তদন্ত করবে এবং তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে বিষয়টি চূড়ান্ত নিষ্পত্তি করা হবে।

০৪। সততা ও সুনাম সম্পর্কিত বিরূপ মন্তব্য বহাল হলে তা বহালের তারিখ হতে পরবর্তী ০৫ (পাঁচ) বছর পর্যন্ত কার্যকর থাকবে এবং অন্যান্য ক্ষেত্রে পরবর্তী ০৩ (তিন) বছর পর্যন্ত কার্যকর থাকবে।

০৫। বহালকৃত বিরূপ মন্তব্যের ধরন ও মেয়াদ উল্লেখপূর্বক কর্মচারী প্রশাসন পরিদপ্তর চূড়ান্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট অনুবেদনাধীন কর্মচারীকে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অবহিত করবে এবং তা তাঁর ডোসিয়ারে সংরক্ষণ করা হবে।

০৬। বিরূপ মন্তব্য বহালের পর অনুবেদনাধীন কর্মচারী রিভিউ-এর জন্য ০১ (এক) বার আবেদন করতে পারবেন।

০৭। পদোন্নতি বা অন্য কোনো বিধিমালাতে বিরূপ মন্তব্য-সংক্রান্ত বিষয়ে অন্যরূপ কোনো বিধান থাকলে সেক্ষেত্রে উক্ত বিধানই কার্যকর হবে। বিরূপ মন্তব্য-সংক্রান্ত কোনো বিধান না থাকলে বা বিদ্যমান বিধিমালার কোনো বিধানের সঙ্গে সাংঘর্ষিক না হওয়ার শর্তে ০৪ নং অনুচ্ছেদ কার্যকর থাকবে।

০৪/১০/২০২১

(ড. মোঃ আবুল কালাম আজাদ)
যুগ্ম-সচিব
ও
সদস্য (প্রশাসন)
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
ই-মেইলঃ memberadmin@reb.gov.bd
ফোনঃ ০২-৮৯০০৩০৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ), বাপবিবো, ঢাকা।
০৩। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা।

০৪। প্রকল্প পরিচালক, 1.5 Million Consumer Connection through Rural Electrification Expansion/শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)/শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ)/বাপবিবো'র বৈদ্যুতিক বিতরণ ব্যবস্থার আধুনিকায়ন ও ক্ষমতাবর্ধণ (খুলনা বিভাগ), বাপবিবো, ঢাকা।

০৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও ডিজাইন/পরিচালন, রক্ষণাবেক্ষণ ও বিতরণ) এর কার্যালয়, বাপবিবো।

০৬। সচিব, বাপবিবো, ঢাকা।

০৭। পরিচালক, কর্মচারী প্রশাসন/প্রশিক্ষণ/অর্থ/হিসাব/পবিস ঋণ ও বাজেট/ সংগ্রহ/সিএসএন্ডএম/ এসইএন্ডডি/ এমপিএসএস/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল)/(উত্তরাঞ্চল)/(দক্ষিণাঞ্চল) /কার্যক্রম পরিকল্পনা/ইন্সপেকশন ও টেস্টিং/অভ্যন্তরীণ নিরীক্ষা/ জনসংযোগ/ ইএন্ডডি/ নবায়নযোগ্য জ্বালানী/পবিস মানব সম্পদ/পবিস তদন্ত ও অনুসন্ধান/লিগ্যাল অ্যাফেয়ার্স/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(পূর্বাঞ্চল)/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) /সম্পত্তি ও লজিস্টিক/পবিস নিরীক্ষা/আর্থিক মনিটরিং (উত্তরাঞ্চল)/(দক্ষিণাঞ্চল)/ সিস্টেম অপারেশন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৮। পরিচালক, প্রশাসন/অর্থ, 1.5 Million Consumer Connection through Rural Electrification Expansion, বাপবিবো, ঢাকা।

০৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (উত্তর/দক্ষিণ)/ময়মনসিংহ জোন/রাজশাহী জোন/বগুড়া জোন/রংপুর জোন/যশোর জোন/ফরিদপুর জোন/বরিশাল জোন/সিলেট জোন/কুমিল্লা জোন/চট্টগ্রাম জোন/গ্রীড ও উপকেন্দ্র/এনার্জি অডিট এন্ড ট্যারিফ/পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা/জিআইএস/জেনারেশন/গবেষণা ও উন্নয়ন পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

১১। সকল নির্বাহী প্রকৌশলীর (এসওডি) কার্যালয়, বাপবিবো।

১২। নির্বাহী প্রকৌশলী, পূর্ত ও রক্ষণাবেক্ষণ বিভাগ/সিস্টেম প্রোটেকশন প্ল্যানিং এন্ড ডিজাইন বিভাগ, বাপবিবো, ঢাকা।

১৩। নির্বাহী প্রকৌশলী, সিস্টেম অপারেশন ওয়ার্কশপ, বাপবিবো, খুলনা/চট্টগ্রাম/রাজশাহী।

১৪। প্রকল্প পরিচালকের দপ্তর, সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ, বাপবিবো, ঢাকা।

১৫। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।

১৬। উপ-পরিচালক, সিস্টেম অপারেশন (কেন্দ্রীয় ওয়ার্কশপ), বাপবিবো, সাভার, ঢাকা/কেন্দ্রীয় পণ্যাগার, বাপবিবো, ঢাকা/খুলনা/চট্টগ্রাম।

১৭। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন), বাপবিবো, ঢাকা।

Siddique
04/10/2021
(মোঃ আবু বকর সিদ্দিক)
সহকারী পরিচালক (রেকর্ডস)